

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৯৮

বিলোনীয়া, ২৩ নভেম্বর, ২০২৩

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক প্রোগ্রেসিভ ফার্মার্স মিট
এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তুলতে কৃষি ও কৃষি
সংশ্লিষ্ট ক্ষেত্রকে অগ্রাধিকার দেওয়া হয়েছে : কৃষিমন্ত্রী

এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তুলতে বর্তমান রাজ্য সরকার বহুমুখী পরিকল্পনা নিয়ে কাজ করছে। গ্রামীণ এলাকার জনগণকে স্বরোজগারী ও স্বনির্ভর করার মধ্য দিয়েই সরকার এই পরিকল্পনাকে বাস্তবায়িত করতে চায়। এজন্য কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্রগুলিতে সরকার সর্বাধিক গুরুত্ব দিয়েছে। আজ বিলোনীয়ার শচীন দেববর্মণ অডিটোরিয়ামে ‘দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক প্রোগ্রেসিভ ফার্মার্স মিট কাম কনভারজেন্স ওয়ার্কশপ - ২০২৩’ শীর্ষক কর্মশালার উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে এই কর্মশালার আয়োজন করা হয়। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্রগুলির বিকাশ এবং কৃষকের কল্যাণ বর্তমান সরকারের অগ্রাধিকারের ক্ষেত্র। কৃষি, উদ্যানপালন, মৎস্য ও প্রাণীপালনের মধ্য দিয়ে গ্রামীণ জনগণকে স্বনির্ভর করার প্রয়াস নেওয়া হয়েছে। এই ক্ষেত্রগুলিকে কাজে লাগিয়ে যারা স্বরোজগারী হওয়ার জন্য এগিয়ে আসবেন সরকার তাদের পাশে থাকবে। কৃষিমন্ত্রী বলেন, দক্ষিণ ত্রিপুরা, গোমতী ও সিপাহীজলা জেলা কৃষিক্ষেত্রে অনেকটা এগিয়ে আছে।

অনুষ্ঠানে কৃষি, প্রাণীপালন, মৎস্য ও স্বসহায়ক গোষ্ঠীর মধ্যে দক্ষিণ ত্রিপুরা জেলার ২৫ জন সফল কৃষকের তথ্যচিত্র প্রদর্শিত হয়। অনুষ্ঠানে জেলা প্রশাসন থেকে এই সফল কৃষকদের সম্মাননা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি কাকলি দাস দত্ত, সহকারি সভাপতি বিভীষণ চন্দ্র দাস, বিলোনীয়া পুরপরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, মৎস্য দপ্তরের অধিকর্তা সন্তোষ দাস, কৃষি দপ্তরের অধিকর্তা শরদিন্দু দাস প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন জেলাশাসক ও সমাহর্তা সাজু বাহিদ এ।
